প্রতিমন্ত্রী
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণী

বাংলাদেশ তামাক বিরোধী জোট তাদের কার্যক্রমের এক বছর পূর্ণ এবং তামাক বিরোধী কার্যক্রমকে গতিশীল করায় আমি আনন্দিত।

শতাব্দীর সূচনালগ্নে তামাক কোম্পানীগুলোর নানা কৌশলের কারণে আমাদের দেশে বর্তমানে তামাক ব্যবহারের প্রবনতা বৃদ্ধি পেয়েছে। যার ফলে তামাক জনিত রোগ ক্রমেই বাড়ছে। বাংলাদেশের তামাক বিরোধী সংগঠনগুলো জোটবদ্ধ হয়ে কাজ করা একটি সময়োচিত পদক্ষেপ। কারণ তামাক কোম্পানীগুলোর চিত্তাকর্ষক মনোহারী বিজ্ঞাপনে শিক্ষিত অশিক্ষিত নির্বিশেষে সবাই বিশেষ করে কিশোর-তরুণ-যুবক ও মহিলারা প্রতারিত হচ্ছেন।

আশা করি আমাদের দেশের জনগন ধীরে ধীরে হলেও তামাক কোম্পানীগুলোর প্রতারণা বুঝতে পারবেন। জোটের গণসচেতনতা কার্যক্রম বৃদ্ধির মাধ্যমেই তামাকজনিত রোগব্যাধি ও মৃত্যুহ্রাস পাবে-জনস্বাস্থ্যের উন্নতি ঘটবে।

আমি বাংলাদেশ তামাক বিরোধী জোটের বর্ষপূর্তি ও ভবিষ্যৎ সকল কর্মসূচীর সাফল্য কামনা করি।

জয় বাংলা জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবি হোক

(অধ্যাপক ডাঃ এম. আমানউল্লাহ)

WORLD HEALTH ORGANIZATION **ORGANIZATION MONDIALE DE LA SANTE**

SOUTH EAST ASIA REGION **REGION DE L'ASIE DU SUD-EST**

OFFICE OF THE WHO REPRESENTATIVE FOR BANGLADESH
TEL: (880)2 861 46 53-861 46 54 – 861 46 55 – 861 28 82

Last year Message

I am pleased to learn that Bangladesh Anti-Tobacco Alliance (BATA) is celebration its first anniversary on 13 January 2001.

I felicitate BATA on their commendable contributions to the anti-tobacco movement in Bangladesh including, those against the " Voyage of Discovery", their participation in WHO SEAAT Flame activities and production of the report "Hungry for Tobacco".

I wish them success.

Dr. Derek A.C. Lobo
Ag. WHO Representative

চেয়ারম্যান
বর্ষপূর্তি উদ্‌যাপন কমিটি
বাংলাদেশ তামাক বিরোধী জোট

শুভেচ্ছা

পৃথিবীর সব দেশে আজ ধূমপান ও তামাকের বিরুদ্ধে জনগণ আন্দোলন জোরদার করছে। পৃথিবীর উন্নতদেশগুলো যখন ধূমপান কমিয়ে আনছে এবং বন্ধ করে দিচ্ছে, তখন আমাদের মত উন্নয়নশীল দেশে এর মাত্রা বৃদ্ধি পেয়ে দ্বিগুন হচ্ছে। চিকিৎসা বিজ্ঞানের উন্নতির সাথে সাথে আমরা আজ অনেক নুতন তথ্য জানতে পারছি। আমরা এখন জানি তামাক পাতা পানের সঙ্গে জর্দ্দা হিসেবে খাওয়া যেমন ক্ষতিকর তেমনি ধূমপানের ধোঁয়াও সমপরিমাণ রোগ জীবানুর কারণ। আমাদের দেশে তামাক ও ধূমপান বিরোধী আন্দোলন ধীরে ধীরে বৃদ্ধি পাচ্ছে। অফিস, আদালতে, হাসপাতাল কিংবা সভা সেমিনারে এখন আগের মত আর কেউ পকেট থেকে সিগারেট বের করে দামী লাইটে অগ্নি সংযোগ করার সাহস পান না। বাড়ীতেও এখন স্ত্রী, পুত্র কন্যাদের বিরোধীতার মুখে স্বামী তার বহুদিনের অভ্যাস বলবৎ রাখতে পারছেনা, হয়তবা লুকিয়ে বা বাইরে গিয়ে ধূমপান করছেন। রেডিও, টিভিতে ধূমপান বিরোধী প্রচারণা চলছে। পত্র-পত্রিকায় লেখা ও প্রবন্ধ ছাপা হচ্ছে। সিগারেটের প্যাকেটে লেখা থাকে "ধূমপান স্বাস্থ্যের জন্য ক্ষতিকর" স্বাস্থ্য মহাপরিচালক। বিভিন্ন সংগঠন তাদের নিয়মিত অনুষ্ঠান করে জনগনকে তামাকের ক্ষতিকর দিকসমূহ বর্ণনা করছেন।

তামাক পাতা ও ধূমপানের বিরুদ্ধে গণসচেতনতা বৃদ্ধির উদ্দেশ্যে সকল তামাক বিরোধী সংগঠন নিয়ে গঠিত হয়েছে বাংলাদেশ তামাক বিরোধী জোট। আজ তামাক বিরোধী জোটের প্রথম প্রতিষ্ঠা বার্ষিকীতে আমাদের শপথ নিতে হবে যাতে আমরা সকল সংগঠন এক সাথে থেকে কাজ করবার মত শক্তি, সাহস ও সহযোগিতা আরও বৃদ্ধি করে এই অগ্রযাত্রাকে অব্যাহত রাখতে পারি।

আমাদের এই কার্যক্রম যাতে আরও জোরদার হয়, দেশের সকল জনসাধারণ যাতে তামাক ও ধূমপানমুক্ত হয়ে উঠতে পারে, সেজন্য আমরা চাই সকলের আশির্বাদ আর সহযোগিতা ।

ডঃ অরূপ রতন চৌধুরী

VicHealth

Victorian Health Promotion Foundation
ABN 20 734 406 352
Suit 2 First Floor
333 Drummond Street Carlton 3053
Po Box 154 Carlton South 3053 Australia
Phone: + 61 3 9345 3200 Fax: + 61 3 9345 3222
E-mail : vicheath@vichealth.vic.gov.au
Website: http:// www.vichealth.vic.gov.au

Message

Congratulations to BATA on its first birthday.
It is essential that BATA exists, strengthens and expands its work
to fight the insidious and pervasive presence of the Tobacco companies in Bangladesh.

BATA has had some extraordinary achievements in its short life,
not the least of which is through the report " Hungry for Tobacco" This has shown
that in Bangladesh it is not only " Smoking or Health" it is "Smoking or Food!"

Prof Rob Moodie
Chief Executive Officer

GOBAL PARTNERSHIPS FOR TOBACCO CONTROL
Essential Action
P.O. Box 19405,
Washington, DC 20036

Message

We would to send our best wishes to the Bangladesh Anti-Tobacco Alliance on the occasion of its first year anniversary.

Though only one year young, the Alliance can already boast an impressive list of accomplishments and activities- ones that have deservedly received international attention. Specifically we would like to cite the Voyage of Discovery case in which BATA members won a decision against BAT and inclusion of BATA members on the Bangladesh Ministry of Health's committee to draft tobacco control laws.

We also would to like to thank you for producing the "Hungry for Tobacco" report- a report which puts the true cost of tobacco in excellent perspective- and for your participation in the Southeast Asian Anti-Tobacco Flame for Freedom From Tobacco, World No Tobacco Day, and the education of BATA members on the Framework Convention on Tobacco Control.

The amount that you have been able to accomplish in such a short time is truly remarkable. Your Alliance has much to teach other groups around the world about developing successful coalitions and advocacy campaigns.

Thank you for your important contribution to the international tobacco control movement, congratulations on your anniversary, and best wishes for many more successful years to come.

In solidarity for a tobacco-free future

Anna White
Coordinator,

Framework Convention Alliance
Building Support for Global Tobacco Control

Message

On behalf of over a hundred non-government organisations around the world the Framework Convention Alliance offers our sincere congratulations on the occasion of the first anniversary of the Bangladesh Anti Tobacco Alliance. The work of BATA has been a great inspiration to us all and we are proud to have BATA as a member of our Alliance.

We wish you continued success and look forward to working closely together in the future.

Belinda Hughes
Coordinator

มูลนิธิรณรงค์เพื่อการไม่สูบบุหรี่

Action on Smoking and Health Foundation

Message

The Action on Smoking and Health Foundation (Thailand) is extremely pleased to have this opportunity to congratulate BATA on its wonderful work in tobacco control over the past year, Your unity and purpose have been inspirational for others in the world working for a smoke-free environment. We know that at times it seems that we are working against incredible odds however seeing the dramatic successes such as have been seen in Bangladesh recently helps us keep going.

We wish you continued success and hope that the cooperation between ASH and BATA will continue and grow in the future.

Sincere Regards,

Dr. Prakit Vateesatokit
Executive Secretary

Bungon Ritthiphakdee
Director

সম্মাননা ২০০০-এ
ভূষিত
চিকিৎসাবিদ
অধ্যাপক
সৈয়দ ফজলুল হক

অধ্যাপক সৈয়দ ফজলুল হক একজন খ্যাতিমান প্রবীণ চিকিৎসক এবং বাংলাদেশের সর্বপ্রথম ক্যান্সার বিশেষজ্ঞ হিসেবে সুপরিচিত। চিকিৎসা ক্ষেত্রে বিশেষ করে ক্যান্সার বিষয়ে তাঁর অবদান বাংলাদেশের প্রেক্ষাপটে একান্তভাবে উল্লেখযোগ্য।

বাংলার এই কৃতি সন্তান ডাক্তার সৈয়দ ফজলুল হক বরগুনা জেলার পাথরঘাটা থানায় রায়হানপুরে ১৯২০ সালের ৮ জুলাই জন্মগ্রহণ করেন। নিজ গ্রামে প্রাথমিক বিদ্যালয়ের পড়া শেষ করে ঝালকাঠী সরকারি উচ্চ মাধ্যমিক বিদ্যালয় থেকে মেট্রিক ও বরিশাল বি. এম. কলেজ থেকে বি. এস. সি পাশ করে কলকাতা মেডিকেল কলেজ থেকে এম. বি. বি. এস. ডিগ্রী লাভ করেন। ১৯৪৮ সালে ডাক্তারি পাশ করার পর তিনি প্রায় ৩০ বছর ঢাকা মেডিকেল কলেজে রেডিওথেরাপী বিভাগে অধ্যাপনা করে ১৯৭৮ সনে অবসর গ্রহণ করার পর লিবিয়া আল-ফাতাহ্ বিশ্ববিদ্যালয়ে ৬ বছর কাল রেডিওথেরাপীর অধ্যাপক হিসেবে অধ্যাপনার কাজ করেন । ডাক্তার হক চাকুরিরত থাকা অবস্থায় ১৯৫৬ সালে লন্ডন থেকে ক্যান্সারের উচ্চ ডিগ্রী ডি.এম.আর.টি. এবং ঢাকা থেকে এফ. সি.পি.এস. লাভ করেন। প্রতিটি পরীক্ষায় তিনি তাঁর উচ্চমানের মেধার স্বাক্ষর রাখেন। ছাত্র জীবনের প্রতি স্তরে ছাত্র আন্দোলনের সক্রিয় অংশগ্রহণ দ্বারা তাঁর ব্যক্তি বৈশিষ্ট্যের গভীর ছাপ রেখে গেছেন।

স্কুলে ব্রতচারী ও বয়েজ স্কাউট, কলেজে সেন্ট জন এ্যাম্বুলেন্স ব্রিগেড ও মেডিকেল কলেজে ইউ. ও টি. সি তে যোগদান করেন এবং পাকিস্তানের জন্মের পূর্বে কলকাতার পাকিস্তান এ্যাম্বুলেন্স কোর গঠন করে আর্ত মানবতার সেবায় সক্রিয় অংশগ্রহণ করেন। কর্মজীবনের শুরু থেকে বিভিন্ন সময়ে পর্যায়ক্রমে যুগ্ম সম্পাদক, কোষাধ্যক্ষ, সাধারণ সম্পাদক ও সভাপতির পদমর্যাদায় থেকে পাকিস্তান মেডিকেল এসোসিয়েশন (ইষ্ট জোন) ও বাংলাদেশ মেডিকেল এসোসিয়েশনের কর্মকান্ডে জড়িত ছিলেন। শিক্ষা-বিস্তারে আগ্রহী ডাক্তার হক তাঁর নিজ এলাকায় এলাকাবাসীর সহযোগিতা ও নিজ অর্থে একটি উন্নতমানের কলেজ গড়ে তুলেছেন। কলেজের নাম সৈয়দ ফজলুল হক ডিগ্রি কলেজ। এছাড়া বর্তমানে তিনি বাংলাদেশ ক্যান্সার সোসাইটির প্রতিষ্ঠাতা সভাপতির পদে অধিষ্ঠিত থেকে বাংলাদেশে ক্যান্সার নিয়ন্ত্রণ এবং তামাক বিরোধী কার্যক্রমে নিয়ত ব্যস্ত আছেন। তিনি একজন বিশিষ্ট রোটারিয়ান। মহাখালীতে রোটারী ক্যান্সার ডিটেকশন সেন্টার ও ক্যান্সার ইনস্টিটিউট প্রতিষ্ঠায় তাঁর বিশেষ অবদান উল্লেখ না করে উপায় নেই। তাঁর জীবনের শেষ বাসনা ঢাকাতে একটি পূর্নাঙ্গ ক্যান্সার হাসপাতাল নির্মাণ। এ লক্ষ্যে তিনি নিরলস পরিশ্রম করে যাচ্ছেন। এই নির্মাণ কাজ বর্তমানে অনেক দূর অগ্রসর।

ডাক্তার হক তাঁর ছয় মেয়ে ও জীবন সঙ্গিনীকে নিয়ে পরম করুনাময় আল্লাহর রহমতে পরম সুখি। তাঁর এক মেয়ে ডক্টরেট, তিন মেয়ে ডাক্তার এবং বাকী দুটি অনার্সের পরে মাষ্টার্স করেছে। ডাক্তার হকের দাদা জনাব সৈয়দ রায়হান উদ্দিন ছিলেন এলাকার বর্ষীয়ান নামজাদা ব্যক্তিত্ব, তাঁর নাম অনুসারে এলাকার নামকরণ হয়েছে রায়হানপুর।

২৪ নভেম্বর ২০০০ হাক্কানী মিশন বাংলাদেশ কর্তৃক চিকিৎসা ক্ষেত্রে গুনীজন সংবর্ধনায় সংবর্ধিত হওয়ার পূর্বে তিনি যে সমস্ত পদক পেয়েছেন তা হলো- বরিশাল বিভাগ সমিতি কর্তৃক চিকিৎসা ক্ষেত্রে শের-ই-বাংলা পদক'৯৫, চন্দ্রদীপ (বরিশাল) সাংস্কৃতিক সংস্থার গুনীজন পদক '৯৫, বরগুনা জেলা সমিতি কর্তৃক শিক্ষা ও চিকিৎসা ক্ষেত্রে গুনীজন পদক '৯৫, তামাক বিরোধী আন্দোলনের জাতীয় সংস্থা 'আধূনিক' কর্তৃক বিশ্ব তামাকমুক্ত দিবস পদক '৯৬ এবং ইউনিভার্সিটি অব সায়েন্স এন্ড টেকনোলজি চিটাগাং কর্তৃক 'লিডার অব প্রফেশন' পদক '২০০০।

অগ্রযাত্রার পথে

কুহেলী মোস্তফা

নদী এঁকে বেঁকে চলে। সব নদীই এক সময় লক্ষে এসে পৌঁছায়- সাগরে পতিত হয়। আরও গতি সঞ্চার করে মহাসমুদ্রে মিলে একাকার হয়ে যায়। এ উপমা হয়তো বা মৈত্রীবন্ধন সৃষ্টির ক্ষেত্রে বাংলাদেশ তামাক বিরোধী জোট গঠনে প্রযোজ্য হতে পারে।

প্রাথমিক পর্যায়ে বিভিন্ন সংগঠন নিজস্ব ধারাবাহিকতায় তামাক বিরোধী কার্যক্রম চালিয়ে যাচ্ছিল। হঠাৎ যেন অশনি সংকেত, বিট্রিশ আমেরিকান টোব্যাকো কোম্পানীর (বিএটি) অভিনব প্রচার কৌশল ভয়েজ অব ডিসকভারী নামধারী নৌযান ইংল্যান্ড থেকে ১৭ টি দেশের উদ্দেশ্যে যাত্রা শুরু করে। ইউরোপ আফ্রিকার কিছু দেশসহ দক্ষিণপূর্ব এশিয়ার নির্ধারিত উন্নয়ণশীল দেশগুলো পেরিয়ে ধেয়ে আসে শেষ ঠিকানা বাংলাদেশ অভিমুখে। প্রানপ্রিয় স্বাধীন সোনার বাংলা এমনিতেই বহুমুখী সমস্যায় জর্জরিত, নতুন করে তামাকের দাবানল আরও জ্বালাময়ী সমস্যা সৃষ্টি করবে? না তা হয়না। বিএটির স্বপ্নতরী 'এডভেঞ্চার এ যোগদান কর' শ্লোগানধারী নৌযান যা আবিষ্কারের নামে বয়ে আনে মৃত্যু- এ ইয়টের আগমন প্রতিহত করতে সকল তামাক বিরোধী সংগঠনগুলো ঐক্যবদ্ধ হয়ে একক শক্তিতে পরিণত হয়। যার ফলশ্রুতিতে প্রতিষ্ঠিত আমাদের এ জোট। প্রতিটি সৃষ্টির কোন না কোন উদ্যোক্তা থাকে। তারুণ্যের জোয়ারে ছুটে চলা উদ্যমী একদল কর্মী বিশিষ্ট ওয়ার্ক ফর এ বেটার বাংলাদেশ এর হাতছানিতে অক্টোবরের ৯ তারিখে তামাক বিরোধী সংগঠনগুলো প্রথম সভায় মিলিত হয়ে গড়ে তোলে বাংলাদেশ তামাক বিরোধী জোট।

সম্মিলিত প্রচেষ্টার প্রথম পদক্ষেপ হিসেবে ২৩ শে অক্টোবর ১৯৯৯ জাতীয় প্রেসক্লাবে তামাক বিরোধী আন্দোলনের বৃহৎ প্রতিষ্ঠান আধূনিক এর সম্মানিত প্রতিষ্ঠাতা সভাপতি জাতীয় অধ্যাপক প্রফেসর নুরুল ইসলাম, বাংলাদেশ ক্যান্সার সোসাইটির সভাপতি অধ্যাপক সৈয়দ ফজলুল হক, ঢাকা আহছানিয়া মিশনের নির্বাহী পরিচালক কাজী রফিকুল আলম এবং মানসের সভাপতি ডঃ অরূপ রতন চৌধুরীর সহযোগিতায় অনুষ্ঠিত হয় সংবাদ সম্মেলন। সে থেকেই জোটের অগ্রযাত্রা অব্যাহত...

ভয়েজ অব ডিসকভারী বিরোধী কর্মসূচী

২৩ অক্টোবর **১৯৯৯** শনিবার প্রেসক্লাবে বাংলাদেশ ধূমপান বিরোধী সংগঠন ফেডারেশন নামে সংবাদ সম্মেলনের আয়োজন এবং ভয়েজ অব ডিসকভারীর বিরুদ্ধে ধারাবাহিক কর্মসূচী ঘোষণা।

২৮ অক্টোবর সংগঠনগুলোর সাধারণ সভায় বাংলাদেশ ধূমপান বিরোধী সংগঠন ফেডারেশন নাম পরিবর্তন করে বাংলাদেশ তামাক বিরোধী জোট নাম নির্ধারণ এবং ভয়েজ অব ডিসকভারী বিরোধী গোলটেবিল বৈঠক করার সিদ্ধান্ত গ্রহণ ।

৩ নভেম্বর **ডুবুক সেই তরী, যা আবিষ্কারের নামে বয়ে আনে মৃত্যু** এ শিরোনামে একটি পোষ্টার প্রকাশ।

৩১ অক্টোবর বিএটির প্রচারণী কনসার্ট বাতিলের লক্ষ্যে ঢাকা শেরাটন হোটেল কর্তৃপক্ষকে চিঠি প্রদান। একই অনুষ্ঠান হতে অর্জিত অর্থ না গ্রহণ করার জন্য Center for Rehabilitation of the Paralysed কর্তৃপক্ষকে চিঠি প্রদান।

১২ অক্টোবর জোটভূক্ত সংগঠন মানবিক, ঘাস ফুল নদী, বাদসা কর্তৃক মাইক্রোবাসযোগে ঢাকা শহরে ভয়েজ অব ডিসকভারীর বিরুদ্ধে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রচারণা, পথসভা ও লিফলেট বিতরন।

১৩ নভেম্বর ভোরের কাগজের সহযোগিতায় গোলটেবিল বৈঠক আয়োজন।

১৫ নভেম্বর নভেম্বর বাংলাদেশ এন্টি ড্রাগ ফেডারেশনের উদ্যোগে প্রতীক অনশন কর্মসূচী পালণ।

১৭ নভেম্বর বৃটিশ আমেরিকান টোব্যাকো কোম্পানীর ভয়েজ অব ডিসকভারীর আগমন উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে অংশগ্রহণ না করার জন্য চট্টগ্রামের সিটি মেয়রকে চিঠি প্রদান।

১৮ নভেম্বর ভয়েজ অব ডিসকভারীর আগমনের প্রতিবাদে সাইকেল র‌্যালীর ঢাকা থেকে চট্টগ্রাম যাত্রা।

১৯ ও **২০** সাইকেল দলের ঢাকা হতে চট্টগ্রামের পথে ভয়েজ অব ডিসকভারীর বিরুদ্ধে স্বাক্ষর সংগ্রহ, সভা ও প্রচারণা কার্যক্রম।

২১ ও **২২** ঢাকা ও চট্টগ্রামে মানববন্ধন এবং প্রতিবাদ র‌্যালীর আয়োজন।

২২ নভেম্বর ভয়েজ অব ডিসকভারীর প্রচারণা ও যাবতীয় কার্যক্রম নিষিদ্ধের দাবিতে রীট পিটিশন দায়ের এবং হাইকোর্ট কর্তৃক ভয়েজ অব ডিসকভারীর সকল প্রকার কার্যক্রমের উপর নিষেধাজ্ঞা আরোপ।

১০ ডিসেম্বর বিশ্ব মানবাধিকার দিবসে জোটের উদ্যোগে তামাক কোম্পানীগুলোর বেপরোয়া প্রচারণার প্রতিবাদে জাতীয় প্রেসক্লাবের সামনে প্রতীকী অবস্থান।

১ জানুয়ারী প্রেসক্লাবের সামনে স্যাটেলাইট চ্যানেলসহ সকল প্রচার মাধ্যমে সিগারেটের বিজ্ঞাপন বন্ধ এবং জনসমাগমস্থলে ধূমপান নিষিদ্ধের দাবিতে মানববন্ধন রচনা।

সিয়াট ফ্লেইম

১৮ জানুয়ারী আগত সিয়াট ফ্লেইমসহ জনসচেতনতামূলক কার্যক্রম পরিচালনার পরিকল্পনা প্রনয়ন।

২০ জানুয়ারী নারী সংগঠনগুলোর সাথে সিয়াট ফ্লেইম সহ কার্যক্রম পরিচালনার জন্য বৈঠকের আয়োজন।

৩০ জানুয়ারী Action on Smoking and Health এর প্রতিনিধি Belinda Hughes এর সাথে বৈঠকের মিলিত জোটের বিগত কার্যক্রম এবং সিয়াট উপলক্ষ্যে গৃহীত কার্যক্রম সম্পর্কে অবহিত করণ।

৪ ফেব্রুয়ারী সিয়াট ফ্লেইম এর আগমন উপলক্ষ্যে জোটভূক্ত সংগঠন প্রত্যাশার রক্তদান কর্মসূচী পালন এবং সিয়াট ফ্লেইম গ্রহণ করার লক্ষ্যে বাংলাদেশ তামাক বিরোধী জোটের একটি গানের দলের মানিকগঞ্জ গমন।

৫ ফেব্রুয়ারী সকালে সিয়াট ফ্লেইমের আগমন উপলক্ষ্যে আয়োজিত জাতীয় অনুষ্ঠানে যোগদান।

দুপুরে মশালসহ গানের দলের শহর প্রদক্ষিন, ধূমপান বিরোধী গান পরিবেশন, পথসভা, গণস্বাক্ষর সংগ্রহ এবং বিকেলে জোটভুক্ত সংগঠন মানবিক, ওয়ার্ক ফর এ বেটার বাংলাদেশ এবং ওয়াক্ এর উদ্যোগে মিরপুর স্টেডিয়ামের পাশে পথসভার আয়োজন।

৬ ফেব্রুয়ারী সকালে জোটভুক্ত সংগঠন ঢাকা আহ্ছানিয়া মিশনের উদ্যোগে সিয়াট ফ্লেইমের উপর সেমিনার আয়োজন। দুপুরে আলহাজ্ব মকবুল হোসেন কলেজে সিয়াট ফ্লেইমসহ ধূমপান বিরোধী ক্যাম্পেইন। বিকেলে ফ্লেইমবাহী সঙ্গীত দলটি মোহাম্মদপুর, ঝিগাতলা, আদাবর, আসাদগেট এলাকায় ধূমপান বিরোধী গান পরিবেশন পথসভা, লিফলেট বিতরন এবং গণস্বাক্ষর সংগ্রহ।

৭ ফেব্রুয়ারী সকালে বাংলাদেশ ক্যান্সার সোসাইটির উদ্যোগে তিতুমীর কলেজে ক্যাম্পেইন। দুপুরে সঙ্গীত দলের গুলশান, মহাখালী, ফার্মগেট এলাকায় ধূমপান বিরোধী গান পরিবেশন পথসভা, লিফলেট বিতরন এবং গণস্বাক্ষর সংগ্রহ। বিকেলে জোটের উদ্যোগে বিভিন্ন নারী সংগঠনের সমন্বয়ে মশালসহ ট্রাক মিছিল, শহরে বিভিন্ন স্থানে পথসভা, গণস্বাক্ষর সংগ্রহ।

৮ ফেব্রুয়ারী জোটের প্রতিনিধি দলের ঢাকা ইম্পিরিয়াল কলেজে তামাক বিরোধী ক্যাম্পেইন। দুপুরে ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকায় ধূমপান বিরোধী গান পরিবেশন পথসভা, লিফলেট বিতরন এবং গণস্বাক্ষর সংগ্রহ। বিকেলে দলটি শিশু মেলায় সঙ্গীত পরিবেশন, গনস্বাক্ষর সংগ্রহ এবং আগত অভিভাবকদের মাঝে পথসভার মাধ্যমে শিশুদের উপর ধূমপান এর কুফলের দিকগুলো তুলে ধরে।

৯ ফেব্রুয়ারী মশালসহ গানের দলের মতিঝিল, যাত্রাবাড়ী, গোপীবাগ, সায়েদাবাদ এলাকায় জনসাধারনের মাঝে ধূমপান বিরোধী লিফলেট বিতরণ, গান পরিবেশন এবং গণস্বাক্ষর কার্যক্রম পরিচালনা। বিকেলে ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকায় বাংলাদেশ এন্টি-ড্রাগ ফেডারেশন এর উদ্যোগে সিয়াট ফ্লেইম এর আগমন উপলক্ষ্যে আলোচনা সভা অনুষ্ঠানের আয়োজন।

১০ ফেব্রুয়ারী ফ্লেইমবাহী জোটের সঙ্গীত দলটি গাজীপুর রোভার পল্লীতে গমন করে এবং দেশের বিভিন্ন স্থান হতে আগত হাজার স্কাউটদের মাঝে ধূমপান বিরোধী সঙ্গীত পরিবেশন, লিফলেট বিতরন এবং গণস্বাক্ষর কার্যক্রম পরিচালনা করে। দুপুর ও বিকেলে জোটের দলটি উত্তরা রোটারী ক্লাবের সহযোগিতায় উত্তরার বিভিন্ন স্থানে পথসভাসহ বিভিন্ন প্রচারণা কার্যক্রম পরিচালনা করে।

১১ ফেব্রুয়ারী ফ্লেইমবাহী জোটের সঙ্গীত দলটি ঢাকা থেকে চট্টগ্রামের উদ্দেশ্যে রওনা হয়। যাত্রা পথে দলটি কুমিল্লা, ফেনীসহ বিভিন্ন স্থানে ধূমপান বিরোধী সঙ্গীত পরিবেশনসহ, লিফলেট বিতরন এবং গণস্বাক্ষর কার্যক্রম পরিচালনা করে।

১২ ফেব্রুয়ারী জোটের দলটি চট্টগ্রাম শহরের বিভিন্ন স্থানে ফ্লেইমসহ লিফলেট বিতরন, ধূমপান বিরোধী সঙ্গীত পরিবেশন এবং গণস্বাক্ষর সংগ্রহের মাধ্যমে জনসচেতনতা কার্যক্রম পরিচালনা করে।

২১ ফেব্রুয়ারী ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদনের উদ্দেশ্যে শহীদ মিনারে পুষ্প স্তবক অর্পন এবং **৩১** মে বিশ্ব তামাকমুক্ত দিবস উপলক্ষ্যে মাসব্যাপী কর্মসূচী গ্রহন।

২৮ ফেব্রুয়ারী মশালসহ জোটের সঙ্গীত দল ঢাকা থেকে বরিশালের দিকে রওনা হয়। ফ্লেইমবাহী জোটের সঙ্গীত দলটি যাত্রা পথে ফরিদপুর, মুন্সীগঞ্জ, শরীয়তপুর, মাদারীপুরে পথসভা, গণস্বাক্ষর সংগ্রহ, লিফলেট বিতরন ও ধূমপান বিরোধী গান পরিবেশনের মাধ্যমে জনসচেতনতা কার্যক্রম পরিচালনা করে।

২৯ ফেব্রুয়ারী ফ্লেইমবাহী জোটের প্রতিনিধি দলটি বরিশাল শহরে অনুরূপ প্রচারণা কার্যক্রম পরিচালনা করে।

২৭ মার্চ হতে জোটের প্রতিনিধি দল মশালসহ শাহবাগ, টি এস সি, গুলিস্থান এলাকায় দিনব্যাপী পথসভা, গণস্বাক্ষর সংগ্রহ, লিফলেট বিতরন ও ধূমপান বিরোধী গান পরিবেশন করে।

২৮ মার্চ ফ্লেইমবাহী জোটের সঙ্গীত দলটি দিনব্যাপী আজিমপুর, পলাশী, নীলক্ষেত, লালবাগ এবং আজিমপুর স্কুল এন্ড কলেজে অনুরূপ প্রচারণা কার্যক্রম পরিচালনা করে।

২৯ মার্চ দলটি ধূমপানমুক্ত শিক্ষাঙ্গন কমার্স কলেজ, মিরপুর এবং বিকেলে সংসদ ভবন এলাকায় পথসভা, গণ স্বাক্ষর সংগ্রহ, লিফলেট বিতরন ও ধূমপান বিরোধী গান পরিবেশনের মাধ্যমে জনসচেতনতা কার্যক্রম পরিচালনা করে।

৩০ মার্চ ফ্লেইমবাহী জোটের সঙ্গীত দলটি ধূমপানমুক্ত একমাত্র বিশ্ববিদ্যালয় গণ বিশ্ববিদ্যালয় গমন করে এবং ধূমপান বিরোধী প্রচারণার পাশাপাশি গণ বিশ্ববিদ্যালয়ে ওয়ার্ক ফর এ বেটার বাংলাদেশ এর সৌজন্যে ধূমপানমুক্ত শিক্ষাঙ্গন এই মর্মে একটি সাইন বোর্ড স্থাপন। বিকেলে বাংলাদেশ ক্যান্সার সোসাইটির জাতীয় প্রেসক্লাবে এক সংবাদ সম্মেলনের আয়োজন।

২২ এপ্রিল জাতীয় অধ্যাপক ডাঃ নুরুল ইসলামের সভাপতিত্বে এক সংবাদ সম্মেলনে বিশ্ব তামাকমুক্ত দিবস উপলক্ষ্যে জোটের কর্মসূচী তুলে ধরা হয়।

৩১ মে বিশ্ব তামাকমুক্ত দিবস উপলক্ষ্যে জোটের কার্যক্রম

১ মে বিশ্ব শ্রমিক দিবস উপলক্ষ্যে জোটের একটি গানের দল শহরে বিভিন্ন শ্রমিক এলাকায় তামাক বিরোধী সঙ্গীত পরিবেশন, লিফলেট বিতরন এবং পথসভা করে।

২ মে জোটের সভায় খসড়া তামাক নিয়ন্ত্রণ আইন উপস্থাপন এবং উক্ত আইনের খসড়া স্বাস্থ্য মন্ত্রণালয়ে পাঠানোর সিদ্ধান্ত গ্রহণ।

১০ মে বাংলাদেশ তামাক বিরোধী জোটের গানের দলটির শহর প্রদক্ষিন এবং জনসচেতনতামূলক অনুরূপ কার্যক্রম গ্রহন।

১০ - ১৭ মে জোটের উদ্যোগে ঢাকা শহরে ধূমপান বিরোধী ব্যানার প্রদর্শন, স্মরনীকা প্রকাশ, লিফলেট ও স্টীকার বিতরন।

১৮ মে জোটভুক্ত সংগঠন বাংলাদেশ ক্যান্সার সোসাইটি কর্তৃক শিশু চিত্রাংকন প্রতিযোগিতার আয়োজন।

২৬-২৭ মে জোটভুক্ত সংগঠন ওয়ার্ক ফর এ বেটার বাংলাদেশ এর সহযোগিতায় কলেজ ভিত্তিক সংগঠন চক্রবাতের উদ্যোগে ঢাকার ১১ টি কলেজে কুইজ প্রতিযোগিতা এবং বাংলাদেশ তামাক বিরোধী জোট শিশু একাডেমী প্রাঙ্গনে চিত্রাংকন প্রতিযোগিতা আয়োজন।

২৭ মে জোটভুক্ত সংগঠন প্রত্যাশার উদ্যোগে ওয়ারীতে একটি আলোচনা সভার আয়োজন।

৩০ মে ঢাকা আহছানিয়া মিশনে বিশ্ব তামাকমুক্ত দিবস উপলক্ষ্যে সেমিনার অনুষ্ঠিত।

৩১ মে সকালে জোটের উদ্যোগে এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আর্থিক সহযোগিতায় বিভিন্ন সংগঠনের সমন্বয়ে একটি বর্নাঢ্য শোভাযাত্রার আয়োজন। জোটভুক্ত সংগঠন মানসের সেমিনার আয়োজন। বিকেলে আধুনিক ও বাংলাদেশ ক্যান্সার সোসাইটির আয়োজনে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সহযোগিতায় ওসমানী মিলনায়তনে সেমিনার অনুষ্ঠিত।

এছাড়া উক্ত দিনে জোটভুক্ত সংগঠন ওয়ার্ক ফর এ বেটার বাংলাদেশ (ডাব্লিউ বি বি) এর সহযোগিতায় ব্রাহ্মণবাড়ীয়া, কুমিল্লা, গাইবান্ধায় বিশ্ব তামাকমুক্ত দিবস উপলক্ষ্যে, শোভাযাত্রা, আলোচনা সভা এবং চিত্রাংকন, রচনা প্রতিযোগিতা এবং সঙ্গীত অনুষ্ঠানের আয়োজন করা হয়।

১ জুন জোটের নিউজলেটার প্রকাশ।

২ জুন বিশ্ব স্বাস্থ্য সংস্থা কর্তৃক বাংলাদেশ তামাক বিরোধী জোটকে সিয়াট ফ্লেইম এর অনুরূপ প্রতিকৃতি প্রদান।

১৯ জুন জোটের সহযোগী সংগঠন নারীপক্ষের নারী ও তামাক জনিত স্বাস্থ্য বিষয়ক সংবাদ সম্মেলন অনুষ্ঠান।

১০ জুলাই পাথ কানাডা এবং ওয়ার্ক ফর এ বেটার বাংলাদেশ এর Hungry for Tobacco শীর্ষক গবেষণাধর্মী রিপোর্টের উপর জোটের উদ্যোগে সংবাদ সম্মেলন।

১৬ সেপ্টেম্বর মুক্তাঙ্গনে তামাক কোম্পানীগুলোর প্রলুব্ধকর প্রচারণার প্রতিবাদে প্রতিবাদ সভা, র‍্যালী, লিফলেট বিতরণ।

১৬-২১ সেপ্টেম্বর দৈনিক প্রথম আলো, ভোরের কাগজ, ইত্তেফাক, ডেইলী ষ্টার, যুগান্তর ও জনকণ্ঠে তামাক কোম্পানীগুলির প্রলুদ্ধকর প্রচারণার প্রতিবাদে বিজ্ঞাপন প্রকাশ। জোটভুক্ত সংগঠনগুলো নিজ নিজ এলাকার মসজিদে লিফলেট বিতরণ করে।

৩০ সেপ্টেম্বর জোটের আয়োজনে এবং পাথ কানাডা এবং ওয়ার্ক ফর এ বেটার বাংলাদেশ এর সহযোগিতায় Framework Convention on Tobacco Control এর উপর কর্মশালা অনুষ্ঠিত।

১৩ নভেম্বর জোটের উদ্যোগে সাতক্ষীরা জেলার বন্যার্তদের মাঝে ত্রাণ বিতরণ।

২৫ নভেম্বর জোটভুক্ত সংগঠন প্রত্যাশার আয়োজনে বাংলাদেশ তামাক বিরোধী জোটের ওয়ারীতে স্কুল ক্যাম্পেইন।

২৮ নভেম্বর বাংলাদেশ তামাক বিরোধী জোটের দ্বিতীয় সংখ্যা নিউজলেটার এবং মুখপত্র প্রকাশ।

আন্তজাতিক কার্যক্রম

৭-৯ জানুয়ারী দিল্লীতে অনুষ্ঠিত SEARO CONFERENCE এ অংশগ্রহণ।

২- ১১ আগষ্ট সিকাগোতে অনুষ্ঠিত 11^{th} World Conference on Tobacco or Health এর প্রি-কনফারেন্স ট্রেনিং ও কনফারেন্স এ জোটের প্রতিনিধিদের অংশগ্রহণ।

২৫-৩১ আগষ্ট FCTC – এর উপর মতামত প্রদান।

১২-১৩ অক্টোবর জোট প্রতিনিধি ব্যারিষ্টার তানিয়া আমীরের জেনেভায় FCTC -বিষয়ক পাবলিক হিয়ারিং এ অংশগ্রহন।

২৮ নভেম্বর FRAMEWORK CONVENTION ALLIANCE- এর সদস্যপদ লাভ।

৪-৮ ডিসেম্বর বাংলাদেশে অনুষ্ঠিত People's Health Assembly (PHA)- তে সক্রিয় অংশগ্রহন।

Welcome to Bangladesh

JOURNEY PLUS

Inbound & Outbound Tour Operator

40/A Aziz Super Market, 1st Flr, Shahbag, Dhaka- 1000

Tel: 880-2-9660234, 018227901 Fax: 880-2-9660234, 8613958 E- mail: journey@bdcom.com

তামাক কোম্পানীর বিজ্ঞাপনী অপকৌশল

মোঃ রফিকুল ইসলাম মিলন

পশ্চিমা দেশগুলির মত বাংলাদেশেও ধূমপায়ীদের সংখ্যা ক্রমাগত বেড়েই চলেছে, ১৯৮৪ সালের প্রকাশিত বিশ্ব স্বাস্থ্য সংস্থার এক রিপোর্টে বাংলাদেশকে বিশ্বের অন্যতম ধূমপায়ী দেশ হিসাবে উল্লেখ করা হয়েছে। এ রিপোর্ট অনুযায়ী বাংলাদেশে শতকরা ৭০ জন পুরুষ ধূমপান করেন। এই হিসাব অনুযায়ী বাংলাদেশে পুরুষ ধূমপায়ীদের সংখ্যা কমপক্ষে ২ কোটি এবং মহিলা ধূমপায়ীর সংখ্যা আনুমানিক ৫০ লক্ষ।

অন্য আর এক রিপোর্টে বলা হয়েছে ১৯৫০ সাল থেকে ২০০০ সালের মধ্যে ৬ কোটি ২০ লাখ লোক ধূমপান জনিত কারণে প্রাণ হারাবে। এর মধ্যে ৩ কোটি ৮০ লাখ লোক উন্নয়ণশীল দেশ থেকে। যা হয়ত ইতি মধ্যেই আমরা হারিয়েছি। বর্তমানে উন্নয়ণশীল দেশে প্রতিবছর ১০ লাখ লোক প্রাণ হারায় শুধুমাত্র ধূমপানজনিত কারণে। আগামী ২০২০ সালে এর সংখ্যা দাড়াবে ৭০ লাখে অর্থাৎ সাতগুণ বেশী। উন্নত দেশে তামাকে বর্তমানে মৃত্যুর সংখ্যা ২০ লাখ, ২০২০ সালে এর সংখ্যা দাড়াবে ৩০ লাখে। বিশ্বে বর্তমানে ধূমপায়ীর সংখ্যা ১১ কোটি। এর মধ্যে ৮ কোটি ধূমপায়ী উন্নয়ণশীল দেশের। শুধু তাই নয় উন্নত দেশগুলিতে ধূমপায়ীর সংখ্যা ১.১ হারে কমতে শুরু করেছে সেখানে উন্নয়ণশীল দেশগুলিতে তামাক কোম্পাণীর বিজ্ঞাপনের নানা অপকৌশলের কারণে ২.১ হারে বৃদ্ধি পেয়েছে যা আগামী প্রজন্মের জন্য এক ভয়ানক আতংকের কারণ।

মানুষকে ধূমপানে আকৃষ্ট করার অন্যতম হাতিয়ার হচ্ছে বিজ্ঞাপন। দরিদ্র দেশের শিক্ষাগত যোগ্যতা ও প্রশাসনিক সুযোগ নিয়ে শক্তিশালী তামাক ব্যবসায়ীরা নানা প্রচার ও প্রলোভনের মাধ্যমে তৃতীয় বিশ্বে তার প্রভাব বিস্তার করে যাচ্ছে। নিঃসন্দেহে এ সকল পদক্ষেপ নিন্দনীয় ও জনস্বাস্থ্য বিরোধী।

আমাদের দেশের জনগনের শতকরা প্রায় ৮০ ভাগ লোক লেখাপড়া জানে না এবং অধিকাংশ লোক থাকে গ্রামেগঞ্জে। ধূমপান বা তামাকের ব্যবহার এদের মধ্যে সবচাইতে বেশী। দিন মজুর, রিক্সাওয়ালা, গ্রামের চাষীদের অনেকেই ধূমপানের স্বীকার। ভাবতে কষ্ট হয় এদের শতকরা ৮০-৯০ জন ধূমপায়ী। তারা কোন না কোন ভাবে তামাক ব্যবহার করে। তামাকপাতা, জর্দা, গুল গ্রামের মেয়েদের মধ্যেও বেশ প্রচলিত। এতে সামাজিক বাধা নেই। হাতে সিগারেট বেয়াদপির সামিল হলেও পানের সাথে তামাক জর্দা আতিথেয়তার লক্ষন হিসেবে এখনও গন্য। এহেন পরিস্থিতিতে তামাক কোম্পানীর চাতুরীপূর্ণ বিজ্ঞাপন এদের ওপর প্রভাব ফেলে প্রচুর। এদের নিরক্ষরতা এবং অজ্ঞতার সুযোগ নিয়ে তামাক কোম্পানীর নানা রঙের পোষ্টার, বিলবোর্ড ইত্যাদির মাধ্যমে ধূমপানের প্রতি এদের আকর্ষণ সৃষ্টি করে সিগারেটের মহিমা প্রচার করে। এক হিসাবে দেখা গেছে তামাক শিল্পের বিজ্ঞাপনের পিছনে প্রতিদিন বিশ্বে খরচ হয় ১ বিলিয়ন ডলার। আর এর বেশীর ভাগই খরচ হয় উন্নয়নশীল বিশ্বে; বিশেষ করে এশিয়ার দেশ সমূহে নিত্য-নতুন অভিনব আঙ্গিকের বিজ্ঞাপনের প্রলোভনে তরুণরা, এমনকি মহিলারাও ধূমপানের প্রতি আকৃষ্ট হয়ে পড়ছে।

সম্প্রতিকালে তামাক ব্যবসায়ীদের বিশেষ নজর খেলাধুলার দিকে। তাদের পৃষ্ঠপোষকতায় ক্রিকেট, ফুটবল, বিভিন্ন ক্রীড়া প্রতিযোগীতা এবং বিশ্ব অলিম্পিকে পৃষ্ঠপোষকতা জনগণের মনে তামাকের প্রতি আকর্ষণ সৃষ্টি করেছে। তারা মনে করে তামাকের ব্যবহার শক্তি জোগায়। এটা স্বাস্থ্যের প্রতীক। এছাড়া বিশেষ করে আমাদের দেশের তামাক শিল্প জনহিতকর প্রতিষ্ঠানের মুখোশ পরে, রক্তদান, বৃক্ষরোপণ, বৃত্তি প্রদান, হাসপাতালের গরীব রোগীদের জন্য অর্থদান, মেধাবীছাত্রদের পুরস্কার প্রদান ইত্যাদির মাধ্যমে ভন্ড পীরের মতো জনমনে প্রভাব ফেলে, নিজেদের অপকর্মকে ঢাকা দিয়ে জনহিতৈষী সেজে তাদের বিষের ব্যবসার প্রসার করে চলেছে। এখানে উল্লেখ করা প্রয়োজন যে কুষ্টিয়ায় তামাক চাষীদের তামাক শুকানোর জন্য কৃত্রিম ঘর ও জ্বালানীর প্রয়োজন হয়। এ কারণে কুষ্টিয়ায় বিগত দশ বছরে প্রচুর গাছ জ্বালানী হিসেবে ব্যবহৃত হয়েছে ফলে কুষ্টিয়ায় বৃক্ষ নিধন হয়েছে ব্যাপক হারে যার ফলে সেখানে আবহাওয়ায় ভারসাম্যহীনতা সৃষ্টি হয়ে খরার আক্রমণ হয়েছিল। এই অবস্থার বিরুপ প্রতিক্রিয়ার সম্মুখীন হয়ে তৎকালীন বিটিসি ঢাকঢোল পিটিয়ে বৃক্ষরোপণ শুরু করে। অর্থাৎ নিজেদের অপকর্ম ঢাকার জন্যই এ কৌশল তারা অবলম্বন করে। এছাড়া তামাক বিক্রয় এবং বিজ্ঞাপনের নানা অপকৌশল ঢাকার জন্য বর্তমান বিএটির জনসংযোগ বিভাগ বৃক্ষরোপণ ছাড়াও কবিতা, গান, নাটকের দিকেও নজর দিয়েছে। বিভিন্ন প্রগতিবাদীদের নাটক মঞ্চায়ন, সংগীতানুষ্ঠান, বই প্রকাশে আর্থিক অনুদান, কবিতা সন্ধ্যা ইত্যাদি বিষয়েও বিগত কয়েক বছরে প্রখর মনোযোগ লক্ষ করা গেছে।

বর্তমানে বাংলাদেশ টেলিভিশন এবং বেতারে তামাকের বিজ্ঞাপন নিষিদ্ধ কিন্তু স্যাটেলাইট টেলিভিশন এবং বেসরকারী টেলিভিশনে তামাকের বিজ্ঞাপন নিষিদ্ধ নেই যার ফলে তামাক কোম্পানীগুলি উক্ত মিডিয়াতে অবাধ বিচরণ করছে এবং নানান অশ্লীল বিজ্ঞাপনের মাধ্যমে সাধারণ মানুষকে প্রলুব্ধ করার নিত্য নতুন বিজ্ঞাপন তৈরীতে ব্যস্ত। কিছুদিন আগেও তামাক কোম্পাণীগুলি তাদের ব্যবসায়িক উদ্দেশ্য সাধনের লক্ষে আকর্ষণীয় ও প্রলুদ্ধকর উপহার সামগ্রীর নামে প্রতারণার ফাঁদ পেতেছিল যাতে উপহার সামগ্রীর লোভে লোকজন ধূমপানের পিছনে আরও অর্থ ব্যয় করে। ব্রিটিশ আমেরিকান টোব্যাকো কোম্পানীর সাথে তাল মিলিয়ে দেশীয়

কোম্পানীগুলোও জনসাধারনকে আকৃষ্ট করার জন্য প্রতিযোগিতা ছুড়ে দিয়েছিল যা বাংলাদেশ পেনাল কোড ২৯৪-বি'র সরাসরি লংঘন। সে কারণে উক্ত বিজ্ঞাপনের বিরুদ্ধে আদালতের মাধ্যমে নিষেধাজ্ঞার ফলে ঐ বিজ্ঞাপনটি বর্তমানে স্থগিত আছে।
বর্তমানে পৃথিবীর অনেক দেশেই সরকারী নিয়ন্ত্রণাধীন টেলিভিশনে তামাকের বিজ্ঞাপন নিষিদ্ধ যার কারণে তামাক কোম্পানিগুলি নানা কৌশলে পরোক্ষ ধূমপানের বিজ্ঞাপন তৈরী করে প্রচার করছে। যেমন ভয়েজ অব ডিসকভারী নামক একটি জাহাজ সমুদ্রপথে ১৭ টি দেশ পরিভ্রমণ করে এবং প্রতিটি দেশে নোঙ্গর করে সেখানে নানা অনুষ্ঠানের আয়োজন করে ছিল, সাধারণ মানুষের কাছে নিঃসন্দেহে এটি একটি দুঃসাহসী এবং মহৎ কাজ হিসেবে গণ্য হবে। আসলে তাদের উদ্দেশ্য কি ছিল তা আমাদের গভীর ভাবে ভেবে দেখা প্রয়োজন। উক্ত জাহাজের সকল নাবিক গোল্ডলিফের বিজ্ঞাপন নিয়ে সিগারেটের নতুন বাজার আবিষ্কারের সন্ধানে বেরিয়েছিল। ১৭টি দেশে উক্ত জাহাজটি সরাসরি তাদের সরকারী চ্যানেলে প্রদর্শিত হয়েছে যদিও উক্ত নাবিকদের সাহসী ভূমিকার বিষয়টি দেখানো হয়েছে। প্রকৃত পক্ষে উক্ত জাহাজে সকল কিছুই গোল্ডলিফের বিজ্ঞাপনে আবৃত ছিল। ঐ টিমটি সফলও হয়েছে। শুধুমাত্র বাংলাদেশে সফল হতে পারেনি। এদেশের শিক্ষিত ও সচেতন কিছু তরুন তাদের উদ্দেশ্য অনুধাবন করতে পেরে প্রতিবাদ মুখর হয়ে উক্ত জাহাজকে বাংলাদেশের মাটিতে নোঙ্গর করতে দেয়নি যা তামাক বিরোধী ভূমিকায় সারা পৃথিবীতে একটি সফল অধ্যায় হিসেবে গন্য হয়েছে। আসলে মাল্টি ন্যাশনাল তামাক কোম্পানীগুলির আন্তর্জাতিক নেটওয়ার্ক এতোই শক্তিশালী যে ওদের সাথে প্রতিযোগীতায় উন্নয়ণশীল দেশ পেরে উঠে না। যার ফলে ওদের বাজার ক্রমেই বেড়ে চলেছে।

প্রকাশ্যে রাস্তাঘাটে বিলবোর্ডের মাধ্যমে এবং পত্র পত্রিকায় যেভাবে বিজ্ঞাপনের মাধ্যমে নিরীহ জনসাধারণকে ধূমপানে প্রলুব্ধ করছে তা আর এক ধরনের প্রতারণা। এ সকল বিজ্ঞাপনের উদ্দেশ্য হচ্ছে কিশোর যুবকদের ধূমপানে আকৃষ্ট করা। ভিন্ন ভিন্ন পথে নতুন নতুন ধূমপায়ী সৃষ্টি করা, শিশু কিশোরদের ভবিষ্যতে ধূমপানের প্রতি আকৃষ্ট করা।

যাই হোক আমাদের স্মরণ রাখতে হবে যে তামাক একটি নিঃশব্দ আততায়ী। তীলে তীলে প্রাণ নাশ করে। ধ্বংস করে, শুধু ধূমপায়ীকে নয় ছেলে মেয়ে পরিবার পরিজন সবাইকে। সমাজকে পঙ্গু করে নানা রোগে। আর্থিক ক্ষতি হয় চিকিৎসায় এবং অকাল মৃত্যুতে। বিশেষ করে তামাক কোম্পানীর বিজ্ঞাপনের অপকৌশলের মাধ্যমে সবচাইতে বেশী ক্ষতিগ্রস্ত হয় অগণিত সরল প্রাণ অশিক্ষিত স্বল্প আয়ের দরিদ্র জনসাধারণ ও উঠতি বয়সের যুবকেরা। এরা সহজেই তামাক কোম্পানীর প্রচারের স্বীকার হয়।

